

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ চৈত্র ১৪২৫/২০ মার্চ ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.০৮২—গত ১৫ মার্চ ২০১৯ তারিখ শুক্রবার স্থানীয় সময় বেলা দেড়টায় নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ শহরের আল নূর মসজিদ এবং লিনউড মসজিদে জুমার নামাজ আদায়রত মুসল্লিদের ওপর জনৈক অস্ট্রেলীয় নাগরিক ব্রেনটন হ্যারিসন টারান্ট কর্তৃক সংঘটিত ভয়াবহ সন্ত্রাসী হামলায় পাঁচ বাংলাদেশিসহ ৫০ জন নিহত এবং প্রায় ৫০ জন আহত হন।

২। এই নারকীয় হত্যাযজ্ঞের সময় সফররত বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সদস্যগণ জুমার নামাজ আদায়ের জন্য আল নূর মসজিদের নিকটে পৌঁছালে এই ঘটনায় আহত জনৈক অজ্ঞাতনামা মহিলা তাঁদেরকে মসজিদের ভেতরে প্রবেশে নিষেধ করেন। তখন পরিস্থিতি বুঝে ক্রিকেটারগণ দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে অল্পের জন্য প্রাণে রক্ষা পান।

৩। বিশ্ববাসীর সঙ্গে গভীর উদ্বেগ প্রকাশ ও এ সন্ত্রাসী নারকীয় হামলার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করে, হামলায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে, নিহতদের পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের প্রার্থনা করে মন্ত্রিসভার ০৪ চৈত্র ১৪২৫/১৮ মার্চ ২০১৯ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৩৪৭৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৪ চৈত্র ১৪২৫
ঢাকা: ১৮ মার্চ ২০১৯

গত ১৫ মার্চ ২০১৯ তারিখ শুক্রবার স্থানীয় সময় বেলা দেড়টায় নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ শহরের আল নূর মসজিদ এবং লিনউড মসজিদে জুমার নামাজ আদায়রত মুসল্লিদের ওপর জনৈক অস্ট্রেলীয় নাগরিক ব্রেনটন হ্যারিসন টারান্ট কর্তৃক সংঘটিত ভয়াবহ সন্ত্রাসী হামলায় পাঁচ বাংলাদেশিসহ ৫০ জন নিহত এবং প্রায় ৫০ জন আহত হন।

এই নারকীয় হত্যাযজ্ঞের সময় সফররত বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সদস্যগণ জুমার নামাজ আদায়ের জন্য আল নূর মসজিদের নিকটে পৌঁছালে এই ঘটনায় আহত জনৈক অজ্ঞাতনামা মহিলা তাঁদেরকে মসজিদের ভেতরে প্রবেশে নিষেধ করেন। তখন পরিস্থিতি বুঝে ক্রিকেটারগণ দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে অল্পের জন্য প্রাণে রক্ষা পান।

ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিশ্বের সকল সরকার ও রাষ্ট্রপ্রধান এ সন্ত্রাসী ভয়াবহ হামলার তীব্র নিন্দা জানিয়ে হতাহতদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ এবং শোকবার্তা প্রেরণ করেছেন।

বিশ্ববাসীর সঙ্গে মন্ত্রিসভা গভীর উদ্বেগ প্রকাশ করে এ সন্ত্রাসী নারকীয় হামলার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করছে। মন্ত্রিসভা এ সন্ত্রাসী হামলায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছে এবং নিহতদের পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে। একইসঙ্গে মন্ত্রিসভা আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের প্রার্থনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd